



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.১২০০.০১৭.২৭.০০৩.২০২০-১৮৪

তারিখ: ২৭ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
১০ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।


প্রজ্ঞাপন

যেহেতু, ব্রাহ্মণবাড়িয়া জেলার বাঞ্ছারামপুর উপজেলার ০৪নং সোনারামপুর ইউনিয়ন পরিষদের ০২নং ওয়ার্ডের সদস্য জনাব মো: শাহজাহান এর বিরুদ্ধে সরকারি ঘর দেয়ার নাম করে ৩,৬০,০০০/- (তিন লক্ষ ষাট হাজার) টাকা আত্মসাতের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হয়েছে এবং জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া বর্ণিত ইউপি সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, ব্রাহ্মণবাড়িয়া জেলার বাঞ্ছারামপুর উপজেলার ০৪নং সোনারামপুর ইউনিয়ন পরিষদের ০২নং ওয়ার্ডের সদস্য জনাব মো: শাহজাহান এর বিরুদ্ধে সরকারি ঘর দেয়ার নাম করে ৩,৬০,০০০/- (তিন লক্ষ ষাট হাজার) টাকা আত্মসাতের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, ব্রাহ্মণবাড়িয়া জেলার বাঞ্ছারামপুর উপজেলার ০৪নং সোনারামপুর ইউনিয়ন পরিষদের ০২নং ওয়ার্ডের সদস্য জনাব মো: শাহজাহান সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্থায় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


২০/২/২১
(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.১২০০.০১৭.২৭.০০৩.২০২০-১৮৪


তারিখ: ২৭ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
১০ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।
- ✓ ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মো: শাহজাহান, ইউপি সদস্য, ০২নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত), ০৪নং সোনারামপুর ইউনিয়ন পরিষদ, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


২০/২/২১
(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব